সচিবের দপ্তর
ডায়েরী নং- ৮৩৬ তারিখঃ 06 JUN 2018
• পরিচালক (প্রশাসন/গ.প্র.প্র)
• উপ পরিচালক (প্রশা:)/(গ.প্র.প্র)
• সহঃ পরিচালক (প্রশা:)/(প্রশিক্ষণ)/(হিঃ ও বাঃ)/(প্রচার ও প্রকাশ)
• সহঃ প্রোগ্রামার/ গবেষণা কর্মকর্তা/পিআরও
• ব্যক্তিগত কর্মকর্তা
(সচিব)

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
সংসদ, তথ্য ও সমন্বয় অধিশাখা
www.fid.gov.bd

নং-৫৩.০০.০০০০.২৩৪.১১.০০২.১৮-৮৭ তারিখঃ ০৪ জুন ২০১৮

বিষয়: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে বেসরকারি ব্যাংকসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ সংক্রান্ত।

সূত্র: ১। তথ্য কমিশনের পত্র নং-১৫.৫১.০০০০.৫০১.০২.০০৩.০৯-১১৪৭, তারিখ-২৫.০৪.২০১৮
২। বাংলাদেশ ব্যাংকের পত্র নং-বিআরপিডি (আর-২)/৬৫১/৯(বিবিধ)/২০১৬-১০৩৭, তারিখঃ ১১.০২.২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি ব্যাংকসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে ইতিপূর্বে ২নং সূত্রোক্ত স্মারকে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়ঃ

"বেসরকারী ব্যাংকগুলো কর্তৃপক্ষের সংজ্ঞায় অন্তর্ভূক্ত নয়। সুতরাং আইনগতভাবে বেসরকারী ব্যাংকসমূহে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরআরটিআই) নির্ধারণের কোন প্রয়োজন নেই।"

২। তথ্য কমিশন হতে ১নং সূত্রোক্ত স্মারকে আইন ও বিচার বিভাগের মতামত অবহিত করে সকল বেসরকারি ব্যাংকে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(খ)(ই) ধারা মোতাবেক জরুরিভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণকল্পে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি (এসআরও) প্রকাশের জন্য অনুরোধ জানানো হয়েছে। তথ্য কমিশন হতে প্রেরিত পত্রে আইন মন্ত্রণালয়ের নিম্নরূপ মতামত দেখা যায়ঃ

"ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং কোম্পানী আইন, ১৯৯৪ এর আলোকে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ সহ অন্যান্য সকল বেসরকারী ব্যাংক কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবে (বিস্তারিত মতামতের কপি সংযুক্ত)।"

৩। সরকারী ব্যাংকের মত বেসরকারী ব্যাংকেও সাধারণ জনগণের আমানত সংরক্ষিত থাকে। আমানতকারীগণের সংগতকারণেই বেসরকারী ব্যাংকের নিকট হতে অনেক তথ্য জানার প্রয়োজন হয়। আবার সাধারণ মানুষেরও প্রযোজ্য ক্ষেত্রে বেসরকারী ব্যাংকের নিকট বিভিন্ন তথ্য জানার অধিকার রয়েছে মর্মে প্রতীয়মান হয়। সে প্রেক্ষিতে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে বেসরকারী ব্যাংকগুলোর নিয়ন্ত্রক হিসাবে বাংলাদেশ ব্যাংকের মতামত প্রয়োজন।

৪। এমতাবস্থায়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের প্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২(খ)(ই) ধারা অনুসারে বেসরকারী ব্যাংকসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণকল্পে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গেজেট বিজ্ঞপ্তি (এসআরও) জারীর বিষয়ে বেসরকারী ব্যাংকগুলোর নিয়ন্ত্রক হিসাবে বাংলাদেশ ব্যাংকের মতামত জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৪/০৬/১৮
(মুর্শেদা জামান)
উপ সচিব

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল বা/এ, ঢাকা।

অনুলিপি:
১। সচিব, তথ্য কমিশন, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, ঢাকা।



D:\Parliament, Information & Co-ordination\Information Commission\RTI\Letter 2018.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
প্রেস-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর-১৫.০০.০০০০.০২০.১১.০০৩.১২.৪১৮ তারিখ : ১০ কার্তিক ১৪২৫ / ২৫ অক্টোবর ২০১৮

## প্রজ্ঞাপন

যেহেতু আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ১৯-১-২০১৪ খ্রি. এর ১০.০০.০০০০.১২৯.০৪.২১৫.১৩-১৬ সংখ্যক স্মারক অনুযায়ী ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১, আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এবং কোম্পানী আইন, ১৯৯৪ এর আলোকে বেসরকারি ব্যাংকসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২ (খ) (ই) দফা মোতাবেক "কর্তৃপক্ষ" হিসেবে বিবেচিত; সেহেতু তথ্য অধিকার আইন, ২০০৯ এর ২ (খ) (ঋ) দফায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার বেসরকারি ব্যাংকসমূহকে এতদ্বারা কর্তৃপক্ষ হিসেবে নির্ধারণ করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ২৫/১০/২০১৮
আবদুল মালেক
সচিব

নম্বর-১৫.০০.০০০০.০২০.১১.০০৩.১২.৪১৮(১০) তারিখ : ১০ কার্তিক ১৪২৫ / ২৫ অক্টোবর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ/আর্থিক প্রতিষ্ঠান বিভাগ/আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, তথ্য কমিশন, ঢাকা।
৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি প্রচারের অনুরোধসহ)।
৬। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা ( প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ১০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।
৭। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৫/১০/১৮
(প্রতাপ চন্দ্র বিশ্বাস )
উপসচিব
☎-৯৫৫০৭৮২
e-mail: as.press@moi.gov.bd